দৈনিক বাংলা

তারিখ ৩.৮।১২।৮৭ ... ... .
পৃষ্ঠা... .. ... ... কলাম ... ... ...

004

# গণসাক্ষরতায় অংশ নিন : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান সমাজ থেকে নিরক্ষরতার অভিশাপ নির্মূল করার লক্ষ্যে পরিচালিত গণ-সাক্ষরতা কর্মসূচীতে সক্রিয়ভাবে অংশগ্রহণের জন্য দেশের সচেতন ও শিক্ষিত জনগণের প্রতি আহ্বান জানিয়েছেন।

বাসস্‌র খবর : প্রধানমন্ত্রী রোববার ঢাকায় শিশু বিতান ও বয়স্ক শিক্ষা কেন্দ্রের বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠানে ভাষণ দিচ্ছিলেন। পররাষ্ট্র মন্ত্রী অধ্যাপক শামসুল হক এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

কেন্দ্রের সভানেত্রী মিসেস তৈয়বা হকের সভানেত্রীত্বে অনুষ্ঠিত এই এই অনুষ্ঠানে মহিলা বিষয়ক প্রতি-মন্ত্রী মিসেস তসলিমা আবেদও ভাষণ দেন।

শাহ আজিজ বলেন, গত বছর ৩০ লাখ লোককে ব্যবহারিক শিক্ষা

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## প্রধানমন্ত্রী

(১-এর পৃঃ পর)

প্রদান করা হয়। তিনি আশা প্রকাশ করেন যে আগামী পাঁচ বছরের মধ্যে দেশ নিরক্ষরতার অভিশাপ থেকে মুক্ত হবে।

তিনি বলেন, ব্যবহারিক শিক্ষা একজনকে সংবাদপত্র পাঠ, চিঠিপত্র লেখা ও পরিবারের খরচের হিসাব রাখতে সক্ষম করবে।

প্রধানমন্ত্রী স্বল্পবেতনভুক্ত কর্মচারীদের সন্তান-সন্ততি ও নিরক্ষর বয়স্ক শিক্ষা প্রদানের ব্যাপারে শিশু বিতান ও বয়স্ক শিক্ষা কেন্দ্রের ভূমিকার প্রশংসা করেন। তিনি বলেন, সরকার এ ধরনের তৎপরতায় এই সংস্থাকে সহযোগিতা দেবে।

শাহ আজিজ বিজ্ঞান ও প্রযুক্তির আধুনিক যুগের চাহিদার প্রেক্ষিতে শিক্ষা ব্যবস্থার আমূল পরিবর্তনের প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করেন।